REG. NO. C. 853

জঙ্গিপুর

# সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২২শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৭শে কার্ত্তিক বুধবার ১৩৪২ ইংরাজী 13th November 1935 | ২৫শ সংখ্যা

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১।০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিজয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ছাদের জন্য

**লোহার কড়ি**

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি
উচিত মূল্যে বিক্রয় করি।
সত্বর দরের জন্য
পত্র লিখুন।

**নিরঞ্জন এণ্ড কোং**

প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার,
কলিকাতা।

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও
নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।
১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪০ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি, এস, ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস-এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী, আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৸০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ
গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫॥০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

২৭শে কার্ত্তিক বুধবার সন ১৩৪২ সাল।

## লালগোলার মহারাজার চাতুর্ম্মাস্য ব্রত উদ্‌যাপন।

গত ২১শে কার্ত্তিক বৃহস্পতিবার লালগোলার মহারাজা রাও যোগীন্দ্রনারায়ণ রায় সি, আই, ই বাহাদুরের চাতুর্ম্মাস্য ব্রত উদ্‌যাপন কার্য্য সুসম্পন্ন হইয়াছে। এই উপলক্ষে তিনি ২৫২ জন ব্রাহ্মণকে আহার্য্য দ্রব্যাদি, বস্ত্র ও এক সেট করিয়া বাসন দান করিয়াছেন এবং প্রায় সহস্রাধিক দরিদ্র নারায়ণের প্রত্যেককে সওয়া সের চাউল ও এক আনা পয়সা বিতরণ করিয়াছেন।

## পুলিশ বিভাগের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল সাহেব।

গত ১২ই নভেম্বর মঙ্গলবার পুলিশ বিভাগের প্রেসিডেন্সী রেঞ্জের ডেপুটী ইন্‌সপেক্টর জেনারেল সাহেব বাহাদুর বিভাগীয় অফিসাদি পরিদর্শন জন্য জঙ্গিপুরে শুভাগমন করিয়াছিলেন। তিনি এখানকার অফিসাদি পরিদর্শন করিয়া সেইদিন বৈকালে বহরমপুর চলিয়া গিয়াছেন। তাঁহার সঙ্গে জেলার পুলিশ সাহেব বাহাদুরও আসিয়াছিলেন।

## শস্যে পোকা।

বৃষ্টি না হওয়ার জন্য রবিশস্যের সমূহ ক্ষতি হইতেছে। যে সব জমিতে ছোট ছোট গাছ জন্মিয়াছে তাহাও এক জাতীয় পোকায় কাটিয়া নষ্ট করিতেছে। এবারে কোন ধারেই রক্ষা নাই। ধান গেল, রবিশস্যও যাইতে বসিয়াছে।

## ছিন্নমস্তা পূজা।

২৬শে কার্ত্তিক মঙ্গলবার রাত্রিতে জঙ্গিপুরের পারে শ্মশানঘাটে ছিন্নমস্তা দেবীর পূজা নির্ব্বাহ হইয়াছে।

## শীত।

আজ কয়েকদিন হইতে সকালে ও সন্ধ্যায় বেশ শীত অনুভূত হইতেছে। এবার শীতবস্ত্রাভাবে অনেকেই কষ্টভোগ করিবে।

## কাঞ্চনতলা হরিসভা।

কাঞ্চনতলা হরিসভার পঞ্চাশ বৎসর পূর্ণ হওয়ায় সুবর্ণ জয়ন্তী উৎসব মহাসমারোহে সুসম্পন্ন হইয়াছে। গত ২১শে কার্ত্তিক বৃহস্পতিবার হইতে ২৫শে কার্ত্তিক সোমবার পর্য্যন্ত হরিসভা প্রাঙ্গনে চব্বিশ প্রহর নামগান, লীলা-কীর্ত্তন ও দরিদ্রনারায়ণ সেবা হইয়াছে। কলিকাতা হইতে প্রসিদ্ধ কীর্ত্তন গায়ক শ্রীযুক্ত রামকমল ভট্টাচার্য্য মহাশয় ও বড়ঞা ( মুর্শিদাবাদ ) নিবাসী শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ আচার্য্য কীর্ত্তনশেখর মহাশয় উৎসবে যোগদান করিয়া তাঁহাদের সুমধুর কীর্ত্তন গানে জনসাধারণকে মুগ্ধ করিয়াছিলেন। উৎসব ক্ষেত্রে বহু জন সমাগম হইয়াছিল।

## লোকাল বোর্ডের মেম্বার নির্ব্বাচন।

গত ৭ই নভেম্বর বৃহস্পতিবার সমসেরগঞ্জ থানার ভোটারগণের মেম্বর নির্ব্বাচিত হইয়াছে। কাঞ্চনতলার জমিদার বাবু ধীরেন্দ্রনাথ রায়, নিমতিতার জমিদার বাবু প্রভাতকুমার চৌধুরী ও মুন্সী বোগদাদ বিশ্বাস—এই তিন জন প্রার্থী ছিলেন। বাবু ধীরেন্দ্রনাথ রায় ও মুন্সী বোগদাদ বিশ্বাস নির্ব্বাচিত হইয়াছেন।

## বোলতার কামড়ে মৃত্যু।

গত ৬ই নভেম্বর তারিখে সন্ধ্যার পর কান্দীর মটরা ময়রাকে তাহার ডান হাতের একটি আঙ্গুলের ডগায় একটি বোলতায় কামড়ায়, ইহাতে সে অত্যন্ত যাতনা অনুভব করিতে থাকে এবং তাহার দোকানের বারান্দা হইতে অজ্ঞান হইয়া রাস্তায় পড়িয়া যায়। এই অবস্থায় লোকে তাহাকে তাহার দোকানের সামনে ডাকঘরের বারান্দায় লইয়া গিয়া শোয়াইয়া দেয়, প্রকাশ ইহার দশ মিনিটের মধ্যে তাহার মৃত্যু হয়। কোনও ডাক্তার বা কবিরাজ ডাকিবার সময় পর্য্যন্ত পাওয়া যায় নাই।

## তহবিল তছরূপের অভিযোগ।

বীরভূম জেলা বোর্ডের দ্বিতীয় ভাইস-চেয়ারম্যান ধৃত।

জমিদার ও বীরভূম জেলা বোর্ডের দ্বিতীয় ভাইস-চেয়ারম্যান শ্রীযুক্ত বিজয়চন্দ্র সরকার বোর্ডের তহবিল তছরুপ করিবার অভিযোগে গত ৫ই নভেম্বর কীর্ণাহারে তাঁহার নিজ বাটীতে ধৃত হইয়াছে।

## বসিরহাটে অভিনব রোগ

পল্লীবাসীর মধ্যে আতঙ্কের সঞ্চার।

২৪ পরগণার অন্তর্গত বসিরহাট মহকুমার হাসানাবাদ থানার এলাকাধীন ভবানীপুর গ্রামে অকস্মাৎ একটী অভূতপূর্ব্ব রোগের আবির্ভাবের সঙ্গে সঙ্গে চতুর্দ্দিকে বহুল বিস্তৃতিলাভ করিয়াছে। এই রোগ সম্বন্ধে এ যাবৎ কেহ বিশেষ কিছু বলিতে পারে নাই। প্রত্যহ গড়ে প্রায় ২০।৩০ জন আক্রান্ত হইতেছে। এইরূপে রোগটী ২৪।২৫ দিনের মধ্যে নিকটবর্ত্তী প্রায় ১৫।১৬টী গ্রামে বিস্তার লাভ করিয়াছে। রোগটীর সম্বন্ধে সাধারণভাবে যাহা কিছু জানিতে বা বুঝিতে পারা গিয়াছে, তাহার বিশদ বিবরণ নিম্নে প্রদত্ত হইল:—

রোগটী যে কোন সুস্থ ব্যক্তিকে যে কোন অবস্থায় আক্রমণ করে। আক্রমণের পূর্ব্বে রোগী বিশেষ কিছু বুঝিতে পারে না, রোগ আক্রমণের পর রোগীর শরীর পায়ের দিক হইতে অবসন্ন হইতে থাকে। পরে চক্ষু অত্যন্ত রক্তবর্ণ হইয়া সমস্ত শরীর ভীষণভাবে কাঁপিতে কাঁপিতে রোগী অজ্ঞান হইয়া পড়ে। কম্পনের বেগ এত বেশী যে, যদি ২।৩ জন লোক রোগীকে ধরে, তাহারাও ঐ সঙ্গে কাঁপিতে থাকে। এরূপ অবস্থায় রোগীকে যদি বসান বা শোয়ান যায়, তাহা হইলে সে তৎক্ষণাৎ মৃত্যুমুখে পতিত হয়।

চিকিৎসার সম্বন্ধে বিশেষ কিছু জানা যায় নাই। তবে কতকগুলি রোগী মরিবার পর নিম্নলিখিত উপায় অবলম্বন হেতু রোগী মৃত্যুমুখ হইতে রক্ষা পাইতেছে:—

আক্রমণের পর রোগীকে দণ্ডায়মান অবস্থায় ধরিয়া অবিশ্রান্তভাবে মাথায় জল ঢালিতে হইবে। এই জল ঢালার পরিমাণ স্থির করা কঠিন। প্রায় ৫০০ শত বা ৫৫০ কলসী জল ঢালিবার পর রোগী কতকটা সুস্থ অনুভব করে ও তাহার জ্ঞান ফিরিয়া আসে। রোগের স্থিতিকাল প্রায় ৬ ঘণ্টা হইতে ৮ ঘণ্টা কাল। রোগটী কখন যে আক্রমণ করিবে, কেহ বলিতে পারে না। এমন কি একই রোগী দুই তিন বার উক্ত রোগে আক্রান্ত হই-তেছে। রাস্তায় চলিবার সময় যাহারা আক্রান্ত হইতেছে, তাহারা সেবা-শুশ্রূষার অভাবে, জলের অভাবে বা লোকের অভাবে ১০-১৫ মিনিটের মধ্যে মারা যাইতেছে।

বর্ত্তমানে এই অঞ্চলের কেহই একাকী কোন স্থানে যাইতে সাহসী হইতেছে না। রাস্তাঘাটে চলাফেরা করা অত্যন্ত শঙ্কাজনক হইয়া পড়িয়াছে। লোকে ভয় বিহ্বল হইয়া পড়িয়াছে। স্কুল ও পাঠশালায় ছেলে আসা বন্ধ হইতেছে। এই সমস্ত কারণে তথাকার সকলে বিপন্ন, তাহারা এই বিষয়ে বঙ্গীয় স্বাস্থ্যবিভাগের কর্ত্তৃপক্ষ ও সর-বাহাদুরের দৃষ্টি আকর্ষণ করিয়াছে।

## মুর্শিদাবাদ রেশম শিল্প।

রেশম শিল্পকে পুনর্জ্জীবিত করিবার জন্য গভর্ণমেণ্ট সম্প্রতি রেশম-শিল্প বিভাগের একজন কর্ম্মচারীকে কয়েক-জন প্রদর্শকের সহিত মুর্শিদাবাদে প্রেরণ করিয়াছেন। তুঁত চাষ প্রবর্ত্তনের জন্য এবং গুটি পোকা পালন করিবার জন্য গভর্ণমেণ্ট কর্ত্তৃক অগ্রিম টাকা দেওয়া হইতেছে। আবশ্যক হইলে গভর্ণমেণ্ট গুটিপোকা ক্রয় করিয়া লইবেন এবং রেশম সূতা প্রস্তুত করিবেন।

এইরূপে রেশমের সূতা ও কাপড়ের মূল্যের সমতা রক্ষার চেষ্টা হইবে। গভর্ণমেণ্ট উত্তম গুটিপোকা বিনা-মূল্যে কৃষকদিগের মধ্যে বিতরণ করিবেন এবং উহাদিগকে পালন করিতে সাহায্য করিবেন।

## কলিকাতায় মোটরগাড়ী নির্ম্মাণ।

কয়েকজন যুবকের উদ্যম।

কলিকাতার কয়েকজন উৎসাহী যুবক কলিকাতায় মোটরগাড়ী নির্ম্মাণের একটি কারখানা প্রতিষ্ঠার আয়োজন করিয়াছেন। তাঁহাদের কারখানায় মাসে ৬০ খানি করিয়া মোটরগাড়ী নির্ম্মিত হইবে। আপাততঃ তাঁহারা দুই প্রকারের গাড়ী নির্ম্মাণ করিবেন। গাড়ী যাহাতে টেকসই, সস্তা ও দ্রুতগামী হয়, সেজন্য বিশেষ যত্ন লওয়া হইবে।

## আচার্য্য প্রফুল্লচন্দ্র রায়।

গবেষণার জন্য পুনরায় অর্থ দান।

আচার্য্য সার প্রফুল্লচন্দ্র রায় মহাশয় কলিকাতা বিশ্ববিদ্যালয়ে রসায়ন বিভাগে এখনও পালিত অধ্যাপকের কার্য্য করিয়া থাকেন, কিন্তু সেজন্য তিনি বেতন গ্রহণ করেন না। তাঁহার বেতনের জমা টাকা হইতে সম্প্রতি তিনি কলিকাতা ধর্ম্মতলা ষ্ট্রীটস্থ ভারতীয় মেডিকাল রিসার্চ্চ ইনষ্টিটিউটে ৫ হাজার টাকা দান করিয়াছেন।

## বঙ্গদেশের তামাক ( বিক্রয়ের লাইসেন্স ) বিষয়ক ১৯৩৫ খ্রীষ্টাব্দের আইন।

[ ১৯৩৫ খৃষ্টাব্দের ২৩শে মে তারিখের কলিকাতা গেজেটে প্রকাশিত। ]

( পূর্ব্ব প্রকাশিতের পর। )

### বিক্রয়, বিক্রয়ের উদ্দেশ্যে লোকের দৃষ্টিপথে স্থাপন অথবা রাখিবার জন্য লাইসেন্স।

৫। (১) কোন ব্যক্তি দরখাস্ত করিলে এবং নির্দ্ধারিত ফী প্রদান করিলে নির্দ্ধারিত কর্ত্তৃপক্ষ ঐরূপ ব্যক্তিকে ৪ ধারায় উল্লিখিত সমস্ত অথবা যে কোন উদ্দেশ্যের জন্য লাইসেন্স মঞ্জুর করিতে পারিবেন। এই ফী কোন এক

রাজস্ব বৎসরে পাইকারী হিসাবে বিক্রয়ের লাইসেন্সের জন্য ৬৲ টাকার এবং খুচরা বিক্রয়ের জন্য ৩৲ টাকার অধিক হইবে না।

(২) এইরূপ প্রত্যেকটী লাইসেন্স নির্দ্ধারিত ফারমে প্রদত্ত হইবে ও নির্দ্ধারিত বিবরণগুলি উহাতে থাকিবে এবং নির্দ্ধারিত সর্ত্তসমূহের অধীনে ও নির্দ্ধারিত কালের জন্য উহা মঞ্জুর করা হইবে।

### বিনা লাইসেন্সে বিক্রয়ের জন্য দণ্ড।

৬। (১) কোন ব্যক্তি ৫ ধারামতে প্রদত্ত লাইসেন্স ছাড়া তামাক বিক্রয় করিলে, বিক্রয়ের উদ্দেশ্যে লোকের দৃষ্টিপথে স্থাপন করিলে অথবা রাখিলে, তাহার ৫০৲ টাকা পর্য্যন্ত জরিমানা হইতে পারিবে।

(২) এই ধারামতে কোন ব্যক্তি দণ্ডিত হইলে আদালত ঐ ব্যক্তিকে তাহার উপর ধার্য্য জরিমানার টাকা ছাড়া এই আইনানুসারে তাহার যে লাইসেন্স লওয়া কর্ত্তব্য ছিল সেই লাইসেন্সের বাবদ দেয় ফীও প্রদান করিতে আদেশ দিতে পারিবেন এবং এইরূপ টাকা যেন ঐ ব্যক্তির উপর (১) প্রকরণমতে ধার্য্য জরিমানার টাকা এরূপভাবে আদায় করা যাইবে।

### লাইসেন্সের সর্ত্তভঙ্গ হেতু দণ্ড।

৭। এই আইন অনুসারে লাইসেন্সধারী কোন ব্যক্তি যে সর্ত্তগুলির অধীনে উক্ত লাইসেন্স মঞ্জুর করা হয় সে-গুলির যে কোনটি ভঙ্গ করিলে তাহার ২৫৲ টাকা পর্য্যন্ত জরিমানা হইতে পারিবে।

### আপোষে অপরাধ নিষ্পত্তি করিবার ক্ষমতা।

৮। (১) কালেক্টর অথবা আবকারী সুপারিণ্টেণ্ডেণ্ট এর নিম্নপদস্থ নহেন এমন যে আবকারী কর্ম্মচারী স্থানীয় গভর্ণমেণ্টের নিকট হইতে এতৎপক্ষে বিশেষভাবে ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন তিনি, যে ব্যক্তি এই আইনানুসারে দণ্ডনীয় কোন অপরাধ করিয়াছে বলিয়া যুক্তিসঙ্গতভাবে সন্দেহ করা হয় তাহার নিকট হইতে এই অপরাধ আপোষ নিষ্পত্তি করিবার জন্য ৫০৲ টাকার অনধিক অর্থ আদায় করিতে পারিবেন।

(২) যদি আপোষে অপরাধ নিষ্পত্তির বাবদ (১) প্রকরণমতে টাকা গ্রহণ করা হয় তবে অভিযুক্ত ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়া থাকিলে ছাড়িয়া দিতে হইবে এবং তাহার বিরুদ্ধে আর কোন কার্য্যানুষ্ঠান অবলম্বন করা যাইবে না।

### তল্লাসী পরোয়ানা প্রদান করিবার ক্ষমতা।

৯। এই আইনানুসারে দণ্ডনীয় অপরাধ সমূহ বিচার করিবার জন্য ১৭ ধারামতে ক্ষমতাপ্রাপ্ত কোন। ম্যাজিষ্ট্রেট যে সংবাদ প্রাপ্ত হন এবং যেরূপ তদন্ত করা তিনি আবশ্যক মনে করেন তাহা করা হইলে পর যদি তাঁহার বিশ্বাস করিবার কারণ থাকে যে এই আইনানুসারে দণ্ডনীয় কোন অপরাধ অনুষ্ঠিত হইয়াছে বা হইবার সম্ভাবনা আছে তাহা এবং তাহার সহিত যে পাত্র, পুলিন্দা বা আচ্ছাদনের ভিতর ঐ তামাক পাওয়া যাইবে তাহা এবং যে কাগজপত্র হইতে উক্ত অপরাধ সম্বন্ধে কিছু জানিতে পারা যায় বা যাইবার সম্ভাবনা থাকে তাহা তল্লাস ও ধৃত করিবার জন্য পরওয়ানা প্রদান করিতে পারিবেন।

### আবকারী কর্ম্মচারীকে সংবাদ ও সাহায্য দান।

১০। (১) প্রত্যেক পুলিস কর্ম্মচারী যিনি এই আইনের কোন বিধান লঙ্ঘন করা হইয়াছে বলিয়া জানিতে পারেন তিনি তৎক্ষণাৎ সেই সংবাদ নির্দ্ধারিত আবকারী কর্ম্মচারীর নিকট নির্দ্ধারিত প্রণালীতে জানাইতে বাধ্য থাকিবেন।

(২) কোন আবকারী কর্ম্মচারী অনুরোধ করিলে, প্রত্যেক পুলিশ কর্ম্মচারী এবং গ্রাম্য চৌকীদার ও দফাদার, এই আইনের বিধানগুলি অথবা এই আইনানুসারে প্রণীত, প্রকাশিত বা প্রদত্ত যে কোন নিয়ম, বিজ্ঞাপন বা হুকুম প্রয়োগ করিতে ঐরূপ আবকারী কর্ম্মচারীকে যুক্তি-সঙ্গত সাহায্য প্রদান করিতে বাধ্য থাকিবেন।

### প্রবেশ ও পরিদর্শন করিবার ক্ষমতা।

১১। এই আইনানুসারে লাইসেন্সধারী কোন ব্যক্তি যে স্থানে বিক্রয়ের উদ্দেশ্যে কোন তামাক লোকের দৃষ্টিপথে স্থাপন করে বা রাখে সেই স্থান যখন খোলা থাকিবে তখন সেখানে, নির্দ্ধারিত সঙ্কোচগুলি বজায় রাখিয়া, নিম্নলিখিত কর্ম্মচারীদিগের মধ্যে যে কেহ যে কোন সময় প্রবেশ করিতে এবং ঐরূপ স্থানে যে সকল হিসাবপত্র বা রেজিষ্টার বহি রাখা হয় তাহা পরীক্ষা করিতে পারিবেন :—

(ক) আবকারী বিভাগের কমিশনর, অথবা

(খ) কালেক্টর, অথবা

(গ) আবকারী সব-ইন্‌স্পেক্টরের নিম্নপদস্থ নহেন এরূপ আবকারী কর্ম্মচারী।

### পরওয়ানা ছাড়া গ্রেপ্তার ও মাল ধৃত করিবার ক্ষমতা।

১২। কালেক্টর অথবা কোন ম্যাজিষ্ট্রেট, অথবা আবকারী বিভাগের কমিশনর, অথবা এমন কোন আবকারী কর্ম্মচারী যিনি এতৎপক্ষে স্থানীয় গভর্ণমেণ্টের নিকট হইতে বিশেষভাবে ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন, তিনি নির্দ্ধারিত সঙ্কোচগুলি বজায় রাখিয়া—

(ক) কোন ব্যক্তি ৬ ধারা অনুসারে দণ্ডনীয় কোন অপরাধ করিয়াছে বলিয়া তাঁহার বিশ্বাস করিবার কারণ থাকিলে যদি ঐরূপ ব্যক্তি জিজ্ঞাসা করা মাত্র তাহার নাম ও ঠিকানা দিতে অস্বীকার করে অথবা এমন নাম ও ঠিকানা দেয় যাহা কালেক্টর, ম্যাজিষ্ট্রেট, আবকারী বিভাগের কমিশনার অথবা আবকারী কর্ম্মচারীর বিবেচনায় মিথ্যা বলিয়া মনে হয় তাহা হইলে ঐ ব্যক্তিকে বিনা পরওয়ানায় গ্রেপ্তার করিতে পারিবেন; এবং

(খ) ৯ ধারামতে পরওয়ানা অনুসারে যে দ্রব্য ধৃত করা যাইতে পারিত তাহা ধৃত করিতে ও আটক রাখিতে পারিবেন।

ক্রমশঃ

---

## নীলামের ইস্তাহার।

### চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুনসেফী আদালত।

### নীলামের দিন ১৮ই নভেম্বর ১৯৩৫

১২৬২ থাং ডিঃ অধরচন্দ্র মণ্ডল দেং লক্ষ্মীনারায়ণ মণ্ডল দীং দাবি ২২৬৵০ থানা সাগরদীঘি মৌজে কান্তনগর ৮৯ শতকের কাত ৩৵১ আঃ ১৫৲ থং ৪২০ রায়ত স্থিতিবান।

১২৬১ থাং ডিঃ ঐ দেং কাবাতুল্লা সেখ দীং দাবি ৪১৷৵০ মৌজাদি ঐ ৪-১৭ শতকের কাত ১৭৷৵৭৷ আঃ ৪০৲ থং ২৯৩ ঐ স্বত্ব।

১২৯৩ থাং ডিঃ সেবাইত মনিমোহন চৌধুরী দেং গোকুলচন্দ্র প্রামানিক দাবি ২৭৷৵০ থানা ঐ মৌজে পোপাড়া ১-২৮ শতকের কাত ৪৲ আঃ ১০৲ রায়ত স্থিতিবান।

১২৯৪ থাং ডিঃ ঐ দেং সুরেশচন্দ্র দত্ত দীং দাবি ২১৮৩ থানা ঐ মৌজে মাঠখাগড়া ১৬ শতকের কাত ৩৲ আঃ ৫৲ ঐ স্বত্ব।

১৩৫৫ থাং ডিঃ গিরিজাশঙ্কর চক্রবর্ত্তী দীং দেং কামদ্দি সেখ দীং দাবি ৮৭।৬ থানা ঐ মৌজে বাওড়া ৩-০৫ শতকের কাত ১৩।০ আঃ ২৫৲ ঐ স্বত্ব।

১১৩৯ থাং ডিঃ সেঃ অনিলকৃষ্ণ ঘোষ নাবালক পক্ষে অলি মাতা তরঙ্গিনী দাসী দেং গুলজার সেখ দাবি ১৮৲ থানা সমসেরগঞ্জ মৌজে উমরপুর ৩৯ শতকের কাত ৩।৵৫ আঃ ৫৲ ঐ স্বত্ব।


## দি ওয়ার্ম ইণ্ডিকা।

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। মূল্য প্রতি শিশি ৵১০ সাড়ে তিন আনা। পাইকারী দর স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়"
পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

## বাটী বিক্রয়।

রঘুনাথগঞ্জ দরবেশপাড়ায় ভদ্র গৃহস্থের বাসোপযোগী একখানি একতালা বাটী বিক্রয় আছে। বাজার ও ভাগীরথী নদী মাত্র ২।৩ মিনিটের পথ। নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীগোকুলচন্দ্র রায়,
রঘুনাথগঞ্জ।

**চক্ষুছানি** দৃষ্টিহীনতা ইত্যাদির একমাত্র অদ্বিতীয় আবিষ্কার **আইসান**
চিকিৎসক বা অস্ত্রোপচারের প্রয়োজন নাই। ঘরে বসিয়া নিরাময় হইবার সুবর্ণ সুযোগ—অনুপকারে মূল্য ফেরৎ। শিশি ২৲ দুই টাকা। হর্য্যাশ্রম, পাঁচপোতা, (বেঙ্গল)।

## সস্তায় রবার ষ্ট্যাম্প।

সকল প্রকার রবার ষ্ট্যাম্প এক সপ্তাহ মধ্যে সরবরাহ করা হয়। সমস্ত ষ্ট্যাম্পই কলিকাতায় প্রস্তুত এবং কলিকাতার অন্যান্য কারখানা অপেক্ষা জিনিষ ভাল অথচ দামে সস্তা। রবারের পকেট প্রেস, ডেটিং ষ্ট্যাম্প, সেল্‌ফ ইঙ্কিং প্যাড ও কালী সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত থাকে। পরীক্ষা প্রার্থনীয়।

প্রাপ্তিস্থান—"পণ্ডিত-প্রেস"
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## শুভ সংবাদ।

হিন্দু মাত্রেরই শুভ বিবাহে বরকনের উপযুক্ত সজ্জার মধ্যে মির্জ্জাপুরের গরদের সাড়ী, ধুতি, চাদর, ব্লাউজ পিস্ ও সর্ব্বপ্রকার জামার কাপড়ই সমধিক প্রসিদ্ধ ও মূল্য সুলভ। যাহাতে জঙ্গিপুরে ঘরে বসিয়াই মির্জ্জাপুরের সকল প্রকার বস্ত্র পাইতে পারেন তজ্জন্য রঘুনাথগঞ্জে একটী এজেন্সী স্থাপিত হইয়াছে। অর্ডার দিলে অতি সত্বর পছন্দমত কাপড় সরবরাহ করিয়া থাকি। ঠকিবার কোন কারণ নাই। মির্জ্জাপুরের দরে ঘরে বসিয়াই পাইবেন। সকল প্রকার মটকার ধুতি, সাড়ী, চাদর ও থান পাওয়া যায়। পরীক্ষা প্রার্থনীয়।

এজেন্ট—শ্রীঅবনীকুমার বন্দ্যোপাধ্যায়
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ
(শিবতলার সন্নিকট)

## বৈজ্ঞানিক রবার দ্রব্য।

রবার কুশন (বেড-সোর বা শয্যাক্ষত নিবারক) প্রত্যেকটী ৭৲

রবার গ্লোভস্ (অপারেশনে সার্জ্জেনের ব্যবহার্য্য) জোড়া ৩৲

ফিঙ্গার ষ্টল্ (আঙ্গুলে পরিবার জন্য) প্রত্যেকটী ।/০

রবার ক্যাপ (গর্ভরোধক ও সংক্রামক রোগ নিবারক) ডজন ৩৲

রবার পেশারী (স্ত্রী-ব্যবহার্য্য—বড়, মধ্যম, ছোট) প্রত্যেকটী ২৲

বিস্তারিত মূল্য-তালিকার জন্য পত্র লিখুন।

পি, বি, সাপ্লাই এজেন্সী,
পোষ্ট বক্স নং ১১৪০৪ কলিকাতা।

## টিপসহির কালী

পণ্ডিত প্রেসে পাইবেন।
মূল্য প্রতি কৌটা পাঁচ পয়সা।



ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য
সংরক্ষণের অভিনব
প্রসাধন দ্রব্য

## রেডিয়ম স্নো

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্ম আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্ম-জনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

শিশুদিগের কোমল চর্ম্মে নিরাপদে ব্যবহার করা যায়।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেন: —রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কার-খানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
**রেডিয়ম ল্যাবরেটরী**
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেন্টস্—
**বসাক ফ্যাক্টরী**
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।

---

## বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

পরীক্ষিত ঔষধাবলী
**কণ্টিক**
বসন্তের প্রতিষেধক।
পেপ—অজীর্ণে ও অম্লে।
বিল—হিষ্টিরিয়ার ঔষধ।
লুং—হাঁপানীর উপকারী।
হর—চুলকানি ও চর্ম্মরোগে।
মূল্য প্রতি ড্রাম ।০ আনা।




## সার্জ্জারী জগতে যুগান্তর।

মহাত্মা আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র অপেরীণ ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুন্‌কা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমূল প্রভৃতি যন্ত্রণা-প্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য প্রতি শিশি ১৲, ডজন ১০৲ মাত্র।

## দামোদর সুধা

ইহা সেবনে ম্যালেরিয়া জ্বর, প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বর, নূতন পুরাতন জ্বর, পালা ও কম্প জ্বর, পিত্তশ্লেষ্মার জ্বর প্রভৃতি সর্ব্বপ্রকার জ্বর অতি সত্বর আরোগ্য হয়। ম্যালেরিয়া প্রপীড়িত ব্যক্তি লিভার ও প্লীহা দ্বারা আক্রান্ত হইয়া ন্যাবা, শোথযুক্ত জীর্ণ শীর্ণ এমন কি অস্থি চর্ম্মসার হইয়াও এই দামোদর সুধা ব্যবহারে নিত্যই আরোগ্যলাভ করিতেছেন। মূল্য ৷৷৵০ প্লীহার মালিষ সমেত ১৲

**ফেরোকল**—যাবতীয় গণোরিয়া (মেহ, প্রমেহ) রোগের অব্যর্থ মহৌষধ। আজকাল প্রায় অধিকাংশ যুবক যুবতী এই রোগে আক্রান্ত হইয়া যৌবনে বার্দ্ধক্য প্রাপ্ত হন, এবং নানাপ্রকার যন্ত্রণায় মর্ম্মপীড়া ভোগ করেন এমন কি অনেকে জীবনে হতাশ হইয়া থাকেন। ইহা ব্যবহারে উক্ত যন্ত্রণা প্রস্রাবে জ্বালা ও পুঁজ ২।৩ দিনে আরোগ্য করে। একটী পিচকারীসহ প্রতি শিশি মূল্য ১৷৷০ উক্ত ঔষধ সমূহ ভিঃ, পিতে লইলে মাশুলাদি স্বতন্ত্র লাগে।

সোল প্রোঃ **ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস**
ফতেপুর পোষ্ট গার্ডেনরীচ কলিকাতা

এজেন্টস—
এম, ভট্টাচার্য্য এণ্ড কোং
কলিকাতা

সন ১৩৪২ সালের ক্যালেণ্ডার বিনামূল্যে বিতরিত হইতেছে

---

## হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵০, ২০০ প্রতি ড্রাম ৵৫ মাত্র।
উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয় হয়। প্রতি টাকায় ⁄০ কমিশন বাদ।

প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।
ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ) রঘুনাথগঞ্জ, চাউলপট্টি, (মুর্শিদাবাদ)

---

## বি, মান্না এণ্ড সন্সের

কয়েকটী আশ্চর্য্য গুণবিশিষ্ট মহৌষধ

### স্বর্ণঘটিত কিওরেটিভ-সালসা

বর্ত্তমান যাবতীয় রসায়ণের মধ্যে সর্ব্বোৎকৃষ্ট গুণবিশিষ্ট মহোপকারী সালসা। রক্তপরিষ্কারক, বল, শক্তি ও ক্ষুধাবৃদ্ধিকারক, পারদ ও উপদংশ-বিষনাশক, স্নায়বিক দৌর্ব্বল্যে, নষ্ট স্বাস্থ্যে, শুক্রতারল্য ও ধাতুদৌর্ব্বল্য রোগে, এবং যাবতীয় স্ত্রীরোগে ও বহু পুরাতন ও জটিল রোগ সমূহের একমাত্র মহোপকারী। কোন বাঁধা ধরা নিয়ম নাই; সকল ঋতুতে সেবন করা যায়। মূল্য দেড় টাকা; মাশুলাদি সমেত ২।৵০

### ইলেক্ট্রো গোল্ড-কিওর

জীবনীশক্তিবর্দ্ধক ও নষ্ট স্বাস্থ্য পুনরোদ্ধারক—হতাশ জীবনের একমাত্র বন্ধু। স্নায়ুর দুর্ব্বলতা, পুরুষত্বহীনতা ও শুক্রক্ষীন প্রভৃতি রোগের অব্যর্থ বলকারক ঔষধ। অপরিমিত শক্তি, বল উৎপন্ন করিতে অদ্বিতীয়। ছাত্রদিগের স্মৃতিশক্তি, মেধা ও বুদ্ধিবৃত্তি তীক্ষ্ণ হয়, ক্ষুধাবৃদ্ধি, মানসিক প্রফুল্লতা ও স্নায়বিক উত্তেজনা বৃদ্ধি করে; ছাত্র ও ছাত্রীজীবনের একমাত্র পরম সুহৃদ। মূল্য দেড় টাকা; মাশুলাদি সমেত ২।০

### গণোরা-বাম পিল (বটিকা) বা মিকশ্চার

যাবতীয় গণোরিয়া, প্রমেহ ও ধাতুপীড়া রোগের বিশেষ পরীক্ষিত আশুফলপ্রদ মহৌষধ। ২।১ মাত্রায় স্ত্রী পুরুষ উভয়েরই রোগের অসহ্য জ্বালা যন্ত্রণা লাঘব হয়। নূতন ও পুরাতন সর্ব্বপ্রকার লক্ষণযুক্ত প্রমেহ ও মূত্রনালীর রোগ এবং স্ত্রীলোকদিগের শ্বেত ও রক্তপ্রদর প্রভৃতি আরোগ্য হয়। 'গণোরা-বাম' ঔষধ মিকশ্চার ও পিল দুই রকমের পাওয়া যায় উভয়েরই মূল্য প্রতি শিশি দুই টাকা, মাশুলাদি সহ ২৷৷৵০

### হাঁপানি এ্যাজমা-সিরাপ

হাঁপানি শ্বাসকাশের অব্যর্থ মহৌষধ। এক ঘণ্টায় হাঁপানি রোগী মৃত্যুসম যন্ত্রণা হইতে নবজীবন লাভ করে। সর্ব্বপ্রকার লক্ষণ ও উপসর্গ বিশিষ্ট হাঁপানি, দমা, শ্বাসরোগ এবং যাবতীয় ফুসফুস শ্বাসনলীর প্রদাহ, ব্রঙ্কাইটিস, হুপিংকফ, প্রভৃতি রোগ যত দিনের পুরাতন হউক না কেন নিশ্চয় আরোগ্য হয়। এরূপ অব্যর্থ আশু-ফলপ্রদ মহৌষধ অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই, প্রবল টানের সময় শ্বাস প্রশ্বাসের মৃত্যুসম যন্ত্রনায় একদাগ মাত্র সেবনেই রোগ দূরীভূত হইয়া রোগী সুস্থ হয়। মূল্য দেড় টাকা মাশুলাদি সমেত ২।৵০

এজেন্টস:—এম. ভট্টাচার্য্য এণ্ড কোং
…ফিল্ডস লেন, কলিকাতা।

— বি, মান্না এণ্ড সন্স। —
**মান্না-মেডিকেল-হল**
(পোষ্টবক্স নং ১১৪০১) ৪নং গুলু ওস্তাগর লেন; কলিকাতা।

---

# সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

## শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম এ, এফ সি এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

ব্রাঞ্চ:—শ্যামবাজার (মার্কেট) কলিকাতা * ২১৩ বৌবাজার (কলিকাতা) ৬৭।৪ ষ্ট্রাণ্ড রোড (বড়বাজার) কলিকাতা * চট্টগ্রাম * জমসেদপুর (সাকচী হাইওয়ে) বিহার * তিনসুকিয়া (আসাম) * গৌহাটী (আসাম) * দিনাজপুর * পাটনা (বিহার) * পাটুয়াটুলী (ঢাকা) * বগুড়া * বর্দ্ধমান * ভাগলপুর (বিহার) * মানিকগঞ্জ * মেদিনীপুর রেঙ্গুন (২০২ লুইস ষ্ট্রীট) ব্রহ্মদেশ * লাহোর (পাঞ্জাব) * সিঙ্গাপুর (মালয় দেশ) *
লণ্ডন এজেন্সি—হাই-হল্‌বরণ * কলম্বো (সিলোন)।

সর্ব্ববিধ ঔষধ বিশুদ্ধভাবে ও আয়ুর্ব্বেদশাস্ত্রমতে আমার নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হইতেছে। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। বিস্তারিত অবস্থা জানাইলে যত্নের সহিত উপযুক্ত ব্যবস্থা দেওয়া হয়।

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ * বিশুদ্ধ চ্যবনপ্রাশ সের ৩৲
শুক্রসঞ্জীবন সের ১৬৲ * অবলাবান্ধব যোগ ১৬ মাত্রা ২৲

---

# তারা বার্লী

## আমাদের বিশেষত্ব




আমাদের এই তারা বার্লী আধুনিক উন্নত বৈজ্ঞানিক প্রণালী অনুযায়ী মেসিনে এবং সেই শক্তিবান বার্লী বিশেষজ্ঞ শ্রীযুক্ত টি, পি, বসু মহাশয়ের চাক্ষুষ ও সংশ্লিষ্ট তত্ত্বাবধানতায় প্রস্তুত। ইহারই একমাত্র বিজ্ঞ কর্ম্ম দক্ষতায় একদিন এসিয়া মহাদেশের সুপ্রসিদ্ধ বিস্কুট ও বার্লী প্রস্তুত কারক স্বনামধন্য স্বর্গীয় (শ্রীযুক্ত) কে, সি, বসু মহাশয় বিস্কুট ও বার্লী প্রচলন করিয়া জগতে আদর্শ স্থানীয় হইয়া ছিলেন। এই ব্যবসায় ইহার অভিজ্ঞতা ১৬ বৎসরের ও অধিক কালের। ইহা হস্ত পৃষ্ঠ নহে।

**টি, পি, বসু এণ্ড কোম্পানী লিঃ**
**তারা ভিটাফুড ফ্যাক্টরী**
পোঃ বাগবাজার কলিকাতা

ENGD. D. P. NATH & BROS. 2 BOW BAZAR ST.

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।